

# সেই পথে

রফিক হক

আমি-তো হেঁটেছি সেই পথে-  
যে পথে শিশিরে-ভেজা  
ঝরা ফুলের পাপড়িগুলি  
শিউরে উঠেছিল সকালের সোনালী রোদে,  
যে পথে ডানপিটে ছেলেটা  
ধুলো বালি মেখে  
খেলা করেছিল বনানীর কোলে-শেয়ালের সাথে,  
যে পথে রাতের স্বপ্নগুলি  
আঁধারের অবগুণ্ঠন খুলে  
দেখা দিয়েছিল পথভোলা সময়ের একান্তে,  
যে পথে পৌষের রাতে  
কীর্তন-উৎসবে মিষ্টি মেয়েটা  
কপালে ঐকে দিয়েছিল চন্দন-তিলক, কবোষঃ হাতে ।

আমি-তো হারিয়ে ফেলেছি সেই পথ-  
যে পথে কালো মেয়েগুলি  
গান গেয়ে যায়- সুকঠিন জীবন সংগ্রামে,  
যে পথে সবুজ আঁখের ক্ষেত  
লুকোচুরি খেলে লাল-মাটির ধুলো ঝড়ে,  
যে পথে চীন-সাগরের উর্মিমালা  
লুটোপুটি খায় জিপিন নাচের তালে-তালে,  
যে পথে সাঁঝ-আকাশে রঙ্গে ভেজা মেঘ  
চুপিচুপি অভিসারে যায় নীল-পাহাড়ের কাছে ।

তবুও-তো ঘরছাড়া, ছন্নছাড়া মন-  
ছুটে যেতে চায় যেন সেই পথে,  
যে পথে সময় ভুলেছে পথচলা-  
চেয়ে থাকে শুধু এক দিনান্তের রক্তিম দিগন্তে ॥